

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.techedu.gov.bd

স্মারক নং-৩৭.০৩.০০০০.০৬১.২৩.০১৭.১১- ৩৯


তারিখ : ২২ জানুয়ারী, ২০১৭খ্রিঃ

বিষয় : ঢাকা জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত ডিজিটাল উদ্ভাবনী ও জেলা ব্র্যান্ডিং মেলা ২০১৭ এ অংশগ্রহণ প্রসঙ্গে।

সূত্রঃ ১। জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা-এর স্মারক নং-০৫.৪১.২৬০০.০৪৮.০৬.০০৫.১৬-৯৮, তারিখ : ১৮ জানুয়ারী, ২০১৭খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জেলা প্রশাসন ঢাকার তত্ত্বাবধানে আগামী ২৬-২৮ জানুয়ারী ২০১৭ তারিখ আজিমপুর গভ গার্লস স্কুল এন্ড কলেজ ঢাকা এর প্রাঙ্গনে ডিজিটাল উদ্ভাবনী ও জেলা ব্র্যান্ডিং মেলা ২০১৭ অনুষ্ঠিত হবে। এতদসংক্রান্ত প্রাপ্ত পত্রের কপি এতদসঙ্গে প্রেরণ করা হলো। পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত : বর্ণনা মতে।



(মোঃ রেজাউল করিম)

সহকারী পরিচালক (পিআইডব্লিউ)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

৬ জানুয়ারী
২০১৭

বিতরণঃ

অধ্যক্ষ

ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট, তেজগাঁও, ঢাকা/
ঢাকা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট, আগারগাঁও, ঢাকা।

অনুলিপিঃ

- ১-৪ | পরিচালক (প্রশাসন/পরিঃ ও উন্নঃ/পিআইডব্লিউ/ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৫ | জনাব আলী মোঃ সাজ্জাদ হোসেন, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ঢাকা।
- ৬ | ভারপ্রাপ্ত কর্মকর্তা, ICT সেল, পত্রখানা জরুরী ভিত্তিতে ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
- ৭ | মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৮ | নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা
(আইসিটি শাখা)
www.dhaka.gov.bd

পরিচালক	
প্রশাসন	
পরিঃ ও উন্নঃ	
পি,আই,ইউ	
পি,আই,ডব্লিউ	✓
ডোকেশনাল	
মুদ্রা	১৪২৩
জানুয়ারী-২০১৭	মহাপরিচালক
তারিখঃ	২২/০১/২০১৭

স্মারক সংখ্যা: ০৫.৪১.২৬০০.০৪৮.০৬.০০৫.১৬- ১৮

তারিখ :

বিষয়: ঢাকা জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত ডিজিটাল উদ্ভাবনী ও জেলা ব্রান্ডিং মেলা-২০১৭ এ অংশগ্রহণ।

সূত্রঃ মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম এর স্মারক নং- ০৩.৮০৪.০০২.০০.০০.০১০.২০১৬/৪০১৩ তারিখঃ ৩১ অক্টোবর ২০১৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রামের পৃষ্ঠপোষকতায় ও জেলা প্রশাসন, ঢাকার তত্ত্বাবধানে আগামী ২৬-২৮ জানুয়ারী ২০১৭ তারিখ আজিমপুর গভঃ গার্লস স্কুল এন্ড কলেজ ঢাকা এর প্রাঙ্গণে ডিজিটাল উদ্ভাবনী ও জেলা ব্রান্ডিং মেলা-২০১৭ অনুষ্ঠিত হবে। এ মেলায় সরকারী বেসরকারী বিভিন্ন প্রতিষ্ঠান অংশগ্রহণ করবে। মেলায় পৃথক ৪টি প্যাভিলিয়ন তৈরী করে স্টল নির্মাণ করা হবে। ডিজিটাল বাংলাদেশ এবং রূপকল্প ২০২১ বাস্তবায়ন এ ডিজিটাল উদ্ভাবনী ও জেলা ব্রান্ডিং মেলা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। মেলায় সাধারণ দর্শকের পাশাপাশি বিভিন্ন স্কুল কলেজের ছাত্র-ছাত্রীদেরকে আমন্ত্রণ জানানো হবে। এ মেলায় ব্যাপক জনসমাগম হবে বলে আশা করা যাচ্ছে। ডিজিটাল উদ্ভাবনী ও জেলা ব্রান্ডিং মেলাতে সরকারের বিভিন্ন উন্নয়নমূলক প্রতিষ্ঠানের 'দক্ষতা ও কর্মসংস্থান' বিষয়ক ইনোভেটিভ উদ্যোগসমূহ যুব সমাজসহ জনসাধারণকে জানানোর সদয় নির্দেশনা রয়েছে। নির্দেশনা মোতাবেক তাঁর অধিনস্থ সংস্থা ঢাকা পলিটেকনিক ও ঢাকা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউটকে মেলাতে Solve-A-Thone প্রতিযোগিতা অংশগ্রহণ করার জন্য নির্দেশ প্রদান করা যেতে পারে।

এমতাবস্থায়, ডিজিটাল উদ্ভাবনী ও জেলা ব্রান্ডিং মেলা-২০১৭ এ তাঁর কার্যালয়ধীন অনলাইন সেবা, 'দক্ষতা ও কর্মসংস্থান' বিষয়ক ইনোভেটিভ উদ্যোগ জনসাধারণকে জানানোর ব্যবস্থা গ্রহণ করার জন্য সর্বিনয়ে অনুরোধ করা হলো।

(আবু আলী মোঃ সাজ্জাদ হোসেন)
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)
ঢাকা
ফোন: ৪৭১১৬২৬৫
মোবাইল: ০১৭১২৬৪৬৪৪৫
Email:adcedu21@gmail.com

চেয়ারম্যান
কারিগরি শিক্ষা বোর্ড
শেরেবাংলানগর, ঢাকা

স্বাক্ষরিত
৩১/০১/১৭
৩১/০১/১৭

৩১/০১/১৭
৩১/০১/১৭
৩১/০১/১৭